গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
হরিরামপুর, মানিকগঞ্জ।

## আগস্ট ২০২৩ মাসের অনুষ্ঠিত উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভাপতি : তাপসী রাবেয়া, উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত), হরিরামপুর, মানিকগঞ্জ।
সভার তারিখ ও সময় : ২৮ আগস্ট ২০২৩ সকাল ১২:০০ ঘটিকা।
সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। উপস্থিত সদস্যগণকে আইন-শৃঙ্খলা বিষয়ে মতামত প্রদানের জন্য অনুরোধ করেন। অত:পর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| গৃহীত সিদ্ধান্ত সংখ্যা | বাস্তবায়িত সিদ্ধান্ত সংখ্যা | সিদ্ধান্ত বাস্তবায়নের হার | মন্তব্য |
|---|---|---|---|
| ১৪ | | | |

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | **জুলাই ২০২৩ মাসে রুজুকৃত মামলার তথ্য:** জুলাই ২০২৩ মাসে হরিরামপুর থানায় রুজুকৃত মামলার সংখ্যা ১১টি। এর মধ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে ২টি, নারী ও শিশু নির্যাতন দমন আইনে ২টি ও পেনাল কোড আইনে মোট ৭টি মামলা হয়েছে। ০৯টি মামলার তদন্তের চার্জশিট আদালতে প্রেরণ করা হয়েছে। মে ২০২৩ মাসে মামলার সংখ্যা ছিল ০৭টি। | ক) আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখায় উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির পক্ষ হতে অফিসার ইনচার্জ হরিরামপুর থানাকে ধন্যবাদ জানানো হয়।<br>খ) রুজুকৃত মামলার চার্জশিট দ্রুত আদালতে প্রেরণের জন্য বলা হয়। | অফিসার ইনচার্জ |
| ০২ | **জুলাই ২০২৩ মাসে মোবাইল কোর্টের তথ্য:** জুলাই/২৩ মাসে মোবাইল কোর্টে মামলার সংখ্যা ৫টি, জরিমানা আদায় করা হয়েছে ২৪,০০০/- (চব্বিশ হাজার) টাকা। ২৬/০৭/২০২৩ ইং তারিখে ঝিটকা গার্লস স্কুল রোডে সড়ক পরিবহন আইন ২০১৮ এ মামলার সংখ্যা ১ অর্থ দন্ড ১০,০০০ । ২৭/০৭/২০২৩ ঝিটকা বাজার বাসস্ট্যান্ড এ মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ অনুযায়ী ২টি মামলা হয় এবং ২০০০ টাকা অর্থদন্ড দেয়া হয় এবং ০৬ (ছয়) মাস বিনা শ্রম কারাদন্ড দেয়া হয়। ২৮/০৭/২০২৩ মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এ পদ্মা নদী সংলগ্ন আন্ধারমানিক ঘাটে মামলার সংখ্যা ৪টি ৪০০০ টাকা অর্থ দন্ড দেয়া হয় এবং ০১ (এক) মাস বিনা শ্রম কারাদন্ড দেয়া হয়। ১২/০৭/২০২৩ তারিখ আন্ধারমানিক পশু জবাই ও মাংশের মান নিয়ন্ত্রণ আইন ২০১১ একটি মামলা হয় এবং ৮০০০ টাকা অর্থ দন্ড আদায় করা হয়। | উপজেলার সার্বিক পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে। | ক)উপজেলা নির্বাহী অফিসার<br>খ)সহকারী কমিশনার (ভূমি) |

| | | | |
|---|---|---|---|
| ০৩ | আইনশৃঙ্খলা পরিস্থিতি: উপজেলার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি ভালো। বাল্লা ইউনিয়নে বড় হাপানিয়ায় ড্রেজার চলে। ড্রেজার চালু বন্ধ করতে হবে। এক্ষেত্রে ড্রেজার আটকে প্রশাসনকে অবহিত করলে ধরা যেতে পারে। স্কুলগামী ছাত্র ছাত্রীগণ ক্লাস ফাঁকি দিয়ে স্কুলের আশপাশে অবস্থান করে। ফলে ইভটিজিং এর প্রবণতা দেখা দেয় এবং মাদক সেবন ও গাঁজা সেবনের পরিমাণ বৃদ্ধি পায়। পরিবেশ পরিস্থিতি স্বাভাবিক রাখতে শিক্ষার্থীদের নিয়ন্ত্রণ করতে হবে। হ্যালোবাইক চালকগণ অল্প বয়সের, ড্রাইভারের নেই কোন বৈধতা, নেই কোন প্রশিক্ষণ, রাস্তাঘাটে নিয়মবহির্ভূত গাড়ী চালায়। ফলে দূর্ঘটনা ঘটলে ড্রাইভারদের সনাক্ত করা যায় না। হ্যালোবাইকের ডাটাবেজ থাকা দরকার। হ্যালোবাইক চালকদের বয়স নির্ধারণ করে দেয়া প্রয়োজন মর্মে জানান। হ্যালোবাইকের রেজিস্ট্রেশন করতে হবে। হ্যালোবাইকচালকগন ইচ্ছামত ভাড়া বাড়িয়ে দেয়। | ক) মাদক সেবন বন্ধে মোবাইল কোর্ট পরিচালনা অব্যহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) হ্যালোবাইকের বৈধতার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য বলা হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br><br>চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) |
| ০৪ | সরকার ঘোষিত লেছড়াগঞ্জ বালুমহাল বিপুল অংকের টাকায় ইজারা প্রাপ্ত হওয়ার পরও লেছড়াগঞ্জ বালুমহালের উজানে দোহারের লোকজন প্রতিনিয়ত অবৈধভাবে বালু উত্তোলন করে বিক্রি করছে। এই অবৈধ বালু উত্তোলন বন্ধ করা না হলে বৈধ বালুমহালটি আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হবে। ধুলশুড়া ও ফরিদপুরের কলাপাড়া সংলগ্ন স্থান হতে অবৈধ বালু মহালটি আইনানুগ ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা হয়। | অবৈধ বালু উত্তোলনে অভিযান অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী কমিশনার<br>উপজেলা নির্বাহী অফিসার |
| ০৫ | জুলাই/২৩ মাসে বিজ্ঞ আদালতের আদেশ মোতাবেক প্রবেশনপ্রাপ্ত ১৩ জন আসামী প্রবেশন অফিসার হরিরামপুর এর অধিনে আছেন। প্রবেশনপ্রাপ্ত আসামীদের নিয়মিত পরিদর্শন প্রতিবেদন প্রেরণ করা হচ্ছে। এর মধ্যে ০৩ (তিন) জন প্রবেশনারের চূড়ান্ত প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। পরবর্তী ধার্য্য তারিখে তারা বিজ্ঞ আদালতের আদেশ মোতাবেক (সংশ্লিষ্ট মামলায় বর্ণিত অভিযোগ নিষ্পত্তি হিসেবে গণ্য করে) সাজা হতে রেহাই হতে পারেন। গতমাস পর্যন্ত মানিকগঞ্জ জেলা কারাগারে অত্র উপজেলার ০১ (এক) জন শিশু/কিশোর আটক ছিল। তাকে বিজ্ঞ আদালতের আদেশ মোতাবেক কিশোর উন্নয়ন কেন্দ্রে প্রেরণ করা হয়েছে। | প্রবেশন প্রাপ্ত আসামীদের তত্ত্বাবধানে রেখে নিয়মিত পরিদর্শন প্রতিবেদন প্রেরণের জন্য বলা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ০৬ | পদ্মা নদীতে প্রতিনিয়ত চায়না দুয়ারী দ্বারা মাছ ধরা হচ্ছে। এই জাল দ্বারা মাছের বংশ বিস্তার ধ্বংস করে দেয়া হচ্ছে। ঝিটকা বাজার ও মানিকনগর বাজারে চায়না দুয়ারী জাল বিক্রি হয় মর্মে তথ্য পাওয়া যায়। পদ্মা নদীতে চায়না দুয়ারী দ্বারা মাছের পোনাসহ মাছ ধরা হচ্ছে। ফলে নদীতে মাছের উৎপাদনে ব্যাপক বিঘ্ন ঘটছে। চায়না দুয়ারী ক্রয় বিক্রয় ও ব্যবহারকারীদের মোবাইল কোর্টের মাধ্যমে জেল প্রদান করা প্রয়োজন। | চায়না দুয়ারী জাল ক্রয় বিক্রয় বন্ধ করতে ঝিটকা বাজার ও মানিকনগর বাজারে পুলিশ টহলসহ মোবাইল কোর্ট পরিচালনা করা হবে। | উপজেলা নির্বাহী অফিসার<br>অফিসার ইনচার্জ<br>উপজেলা মৎস্য কর্মকর্তা |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ৭ | দূর্গাপূজা উপলক্ষে বহিরাগত অনেক লোকজন হরিরামপুরে বেড়াতে আসবে। বেড়াতে এসে ১৪/১৫ বছরের ছেলেরা বেপরোয়াভাবে মটর সাইকেল চালায়। প্রতি মটর সাইকেলে ৩/৪ জন আরোহী থাকে। যার কারণে রাস্তা ঘাটে দূর্ঘটনার পরিমাণ বেড়ে যায়। এ বছরের পুলিশ টহলসহ উপজেলা প্রশাসনের দৃষ্টি থাকায় আইনশৃঙ্খলা পরিস্থিতি ও বহিরাগতদের নিয়ন্ত্রণ করা সম্ভব হয়েছে। | অল্প বয়সের ছেলেদের ৩/৪ জন আরোহীসহ বেপরোয়াভাবে মটর সাইকেল চালানো বন্ধ করতে জনসমাগম এলাকায় এবং রাস্তার মোড়ে মোড়ে টহল পুলিশসহ মোবাইল কোর্ট পরিচালনা করার সিদ্ধান্ত হয়। | ক) সহকারি কমিশনার (ভূমি) উপজেলা নির্বাহী অফিসার |
| | কাঞ্চনপুরে ইউনিয়নে কালিতলায় (মিনি কক্সবাজার) স্কুল চলাকালীন সময়ে ছাত্র ছাত্রী বেড়াতে আসে। কিছু বখাটে লোকজন তাদের বিরক্ত করে। | কাঞ্চনপুরে কালিতলায় আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে টহল পুলিশ বৃদ্ধি করা হবে। | অফিসার ইনচার্জ |
| | এইচ এস সি পরীক্ষা চলমান রয়েছে। পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনা ও ইভটিজিং বন্ধে সকলের সহযোগিতা করার বিষয়ে আলোচনা হয়। | এইচ এস সি পরীক্ষা নকলমুক্ত ও সুষ্ঠুভাবে সম্পন্ন করনে সকলের সহযোগিতা করার সিদ্ধান্ত হয়। | সংশ্লিষ্ট |
| | বলড়া ইউনিয়নের বলড় বাজার বহুল আলোচিত একটি বাজার। মানিকগঞ্জ সদরের ভাড়ারিয়া বাজারের সাথে সংঘর্ষিক। ভাড়ারিয়া বাজারের ব্যবসায়ীদের সাথে বলড়া বাজারের ব্যবসায়ীদের বাজার সংক্রান্ত দ্বন্দ্ব চলছে। এ বিষয়ে সুষ্ঠু সমাধান হওয়া প্রয়োজন। ভগবানচর বাজার সরকারি পেরিফেরির আওতাভূক্ত কি-না এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বলড়া বাজার ও ভাড়ারিয়া বাজারের ব্যবসা সংক্রান্ত দ্বন্দ্ব পরিদর্শনপূর্বক সিদ্ধান্ত গ্রহণ হবে। বলড়া বাজার আধুনিক করার জন্য হাট বাজার তহবিল হতে প্রকল্প গ্রহণ করা যেতে পারে। | সংশ্লিষ্ট সকল সদস্য |
| ১ | হরিরামপুরে নোটারি পাবলিকের মাধ্যমে বাল্য বিবাহ হতে দেখা যাচ্ছে। নোটারী পাবলিক আইনগত কোন বৈধতা নেই। হরিরামপুরে বাল্য বিবাহ ও নারী নির্যাতন প্রতিরোধে প্রতিনিয়ত উঠান বৈঠক ও জনসচেতনতামূলক কার্যক্রম চলমান। কোথাও বাল্য বিবাহ হতে থাকলে সঙ্গে সঙ্গে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসারকে অবগত করার জন্য সকলের দৃষ্টি আকর্ষন করেন।<br>জুলাই ২০২৩ মাসে মোট ৩টি উঠান বৈঠক করা হয়েছে। সর্বশেষ উঠান বৈঠক হয়েছে চালা ইউনিয়ন পরিষদে। উঠান বৈঠকে ডায়বেটিস, প্রেসারসহ জনসচেতনতামূলক কার্যক্রম করা হয়। | ক) নোটারি পাবলিকের বৈধতা সম্পর্কে জনগনকে সচেতন করতে হবে।<br>খ) উঠান বৈঠকে বাল্য বিবাহের কুফল সম্পর্কে জনসচেতনতামূলক কার্যক্রম পরিচালনার জন্য বলা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Tapsi 26/08/2026

তাপসী রাবেয়া
উপজেলা নির্বাহী অফিসার(ভারপ্রাপ্ত)
হরিরামপুর, মানিকগঞ্জ।

CS CamScanner

স্মারক নং ০৫.৩০.৫৬২৮.০০০.০৬.০০২.২৩- ৮৬৪/১(৩০) তারিখ: ২৮/০৮/২০২৩খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ১৬৯ মানিকগঞ্জ-২, বাংলাদেশ জাতীয় সংসদ।
০২। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, মানিকগঞ্জ।
০৪। পুলিশ সুপার, মানিকগঞ্জ।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিরামপুর, মানিকগঞ্জ।
০৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিরামপুর, মানিকগঞ্জ।
০৭। অফিসার ইনচার্জ, হরিরামপুর থানা।
০৮। উপজেলা ................................... কর্মকর্তা, হরিরামপুর, মানিকগঞ্জ।
০৯। চেয়ারম্যান, .................................. ইউনিয়ন পরিষদ, হরিরামপুর।
১০। জনাব ............................................
১১। অফিস কপি।

28/08/2023

উপজেলা নির্বাহী অফিসার(ভারপ্রাপ্ত)
হরিরামপুর, মানিকগঞ্জ।

CamScanner